MAR. 20

# ২৪শে মার্চ থেকে ঢা.বিতে ভাষা ও সংস্কৃতি মেলা

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ একুশে ফেব্রুয়ারির সুবর্ণ জয়ন্তী, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং স্বাধীনতা দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী ২৪ থেকে ২৬শে মার্চ পর্যন্ত ৩ দিনব্যাপী 'ভাষা ও সংস্কৃতি মেলার' আয়োজন করেছে। বিশ্ববিদ্যালয়ের মল চত্বরে এ মেলা অনুষ্ঠিত হবে। মেলার পাশাপাশি বিকেল ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

মেলায় স্টল বরাদ্দের জন্য আগ্রহীদের বৃহস্পতিবারের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের অনুকূলে ২ হাজার টাকার পে-অর্ডার, ব্যাংক ড্রাফটসহ 'ভাষা ও সংস্কৃতি মেলা ২০০২'-এর কেন্দ্রীয় সমন্বয় কমিটির সদস্য সচিব ও প্রক্টরের বরাবর আবেদন করতে বলা হয়েছে।

মেলার স্টল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বরাদ্দ দিলেও স্টলের সাজসজ্জা ও আসবাবপত্র অংশগ্রহণকারীদের ব্যবস্থা করতে হবে। স্টলগুলো ২৩শে মার্চ বিকেলে এবং ২৪শে মার্চ সকালে বরাদ্দপ্রাপ্তদের বুঝিয়ে দেয়া হবে।